

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১৪.২০.২৮০.২২-৩২৭

তারিখ: ০৯/০৪/২০২৫ খ্রি।


বিষয়: নতুন সরকারিকরণকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহ (মহাবিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় ও স্কুল এন্ড কলেজ)-এর বকেয়া বেতন-ভাতাদির চাহিদা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক নিম্নে উল্লিখিত নতুন সরকারিকরণকৃত শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বকেয়া বেতন-ভাতাদির চাহিদাসহ প্রয়োজনীয় কাগজপত্রাদির ০৩ সেট হার্ডকপি সঠিকভাবে হিসাব নিরূপণপূর্বক ফাইন্যান্স এন্ড প্রকিউরমেন্ট উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষাভবন, ১ম ব্লক, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা বরাবর আগামী ১৭/০৪/২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক	প্রতিষ্ঠানের ধরণ	বকেয়া চাহিদার সময়কাল (অর্থবছর)
১.	নতুন সরকারিকরণকৃত মহাবিদ্যালয়সমূহ [যে সকল প্রতিষ্ঠান ২০২৩-২৪ অর্থবছরের ০৬ মাস (জানুয়ারি/২০২৪ থেকে জুন/২০২৪ পর্যন্ত) বেতন ভাতাদি প্রাপ্ত হয়েছে]	২০১৮-১৯ এবং ২০২৩-২৪ (জুলাই/২০২৩ থেকে ডিসেম্বর/২০২৩ পর্যন্ত)
২.	নতুন সরকারিকরণকৃত মাধ্যমিক বিদ্যালয়সমূহ (যে সকল প্রতিষ্ঠানের ২০২২-২৩ অর্থবছরের বেতন-ভাতাদি বকেয়া রয়েছে)।	২০২২-২৩
৩.	নতুন সরকারিকরণকৃত স্কুল এন্ড কলেজসমূহ	সকল অর্থবছর
বিঃদ্র: নতুন সরকারিকরণকৃত সকল শিক্ষা প্রতিষ্ঠানে পিআরএল ভোগরত/ অবসরপ্রাপ্ত/মৃত শিক্ষক/কর্মচারীগণের জন্য সকল অর্থবছরের বকেয়া বেতন-ভাতাদির চাহিদাসহ আলাদাভাবে আবেদন করতে হবে।		

চাহিদার সাথে নিম্নোক্ত প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

- (১) অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয় কর্তৃক ১ম বরাদ্দ অনুমোদনের সম্মতিপত্রের কপি;
- (২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক ১ম বরাদ্দ অনুমোদনের চূড়ান্ত আদেশের কপি;
- (৩) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ১ম বরাদ্দ প্রদানের চূড়ান্ত আদেশের কপি।



(মোঃ জাহাঙ্গীর আলম)

সহকারী পরিচালক (ফাইন্যান্স এন্ড প্রকিউরমেন্ট)

ফোন: ০২-৪১০৫২১৬৫

প্রাপক:

- ১। অধ্যক্ষ,
- ২। প্রধান শিক্ষক/শিক্ষিকা,

বিতরণ:

- ১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
(দৃষ্টি আকর্ষণ: উপসচিব, বাজেট শাখা);
- ২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
(পত্রটি মাউশি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
- ৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
- ৪। পরিচালক (অর্থ ও ক্রয়) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৫। সংরক্ষণ নথি।